উপস্থিতঃ
বিচারপতি জনাব এ,এইচ,এম, শামসুদ্দিন চৌধুরী
এবং
বিচারপতি জনাব শেখ মোঃ জাকির হোসেন

জেল আপীল নং ৫৮৯/২০০৭
শাহজাহান বাদশা
--- দন্ডিত-আপীলকারী
বনাম
রাষ্ট্র
--- প্রতিবাদী পক্ষে
রায় প্রদানঃ ১৫ই মার্চ, ২০১১ খ্রিঃ

বিচারপতি শেখ মোঃ জাকির হোসেনঃ

ইহা একটি জেল আপীল, দন্ডিত-আপীলকারীকে দায়রা মামলা নং-২৪৬/২০০২ যাহার জি,আর নং-৩৯/২০০২, যাহা মিঠাপুকুর থানার মামলা নং-১০ তারিখ ০৪/০৬/২০০২ হইতে উদ্ভূত, তাহাতে দন্ডবিধির ৩০২ ধারায় দোষী সাব্যস্তক্রমে বিজ্ঞ দায়রা জজ, রংপুর, ৩০/০৪/২০০৭ ইং তারিখে যাবজ্জীবন কারাদন্ডসহ ৫০০০/-টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬ (ছয়) মাসের কারাদন্ডের আদেশ প্রদান করিলে দন্ডিত-আপীলকারী মোঃ শাহজাহান বাদশা উক্ত রায় ও আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইয়া জেলখানা হইতে অত্র আপীল দায়ের করেন, যাহা জেল আপীল নং-৫৮৯/২০০৭ হিসাবে নিবন্ধিত হয়।

রাষ্ট্রপক্ষের মামলাঃ

আপীলটি নিষ্পত্তির স্বার্থে রাষ্ট্রপক্ষের মামলার সংক্ষিপ্ত ঘটনা এই যে, ১ নং সাক্ষী সংবাদদাতা মোঃ নজরুল ইসলাম (৪০) পিতা- মৃত আঃ জব্বার মন্ডল, সাং-বোয়ালমারী, থানা-মিঠাপুকুর, জেলা- রংপুর, এই মর্মে মিঠাপুকুর থানায় আসিয়া অভিযোগ করেন যে, তাহার বড় মেয়ে নীলা আক্তার বানু ওরফে কাজল রেখা-কে প্রায় ০২ বৎসর পূর্বে মোঃ

শাহজাহান বাদশা, পিতা মৃত মতিয়ার রহমান, সাং-বুটকান্দি, ডাকঘর-খেজরী কাটা, থানা-নকলা, জেলা-শেরপুর এর সঙ্গে বিবাহ দেন। বিবাহের পর হইতে তাহারা ঢাকায় থাকিত। তাহার মেয়ে একটা গার্মেন্টস ফ্যাক্টরীতে চাকুরী করিত। আর জামাই ঠিকাদারের পাইলিং এর মেকানিকের কাজ করিত। তাহার ২য় মেয়ে নাজমা খাতুন এর বিবাহের দিন ঠিক করিয়া কাজল রেখাকে সংবাদ দিলে সে স্বামী সহ ৭/৮ দিন পূর্বে তাহার বাড়ী আসে এবং কাজল রেখাকে রাখিয়া শাহজাহান বাদশা ঢাকায় চলিয়া যায়। গতকাল ০৩/০৬/২০০২ ইং তারিখ সোমবার বিয়ের অনুষ্ঠান ছিল, সকালে জামাই শাহজাহান বাদশা তাহার বাড়ী আসে। সারাদিন বিবাহের অনুষ্ঠানে সে উপস্থিত থাকে। রাত অনুমান ৮:৩০ ঘটিকার সময় নাজমাকে বিদায় দিয়ে সংবাদদাতা তাহার ভাইদেরসহ নতুন জামাইকে কিছু দান সামগ্রী দিয়া সম্মান করিবার জন্য আলাচনায় বসেন। আলোচনার সময় কাজল রেখা ও শাহজাহান বাদশাসহ বাড়ীর অন্যান্য মহিলারা ছিল। কিছুক্ষণ পর শাহজাহান বাদশা কাজল রেখাকে ডাকদিয়া নিয়া বাড়ীর বাহিরে খুলিয়ানে যায়। বেশ সময় পর বাড়ীতে এবং আশেপাশে তাহাদের না পাইয়া খোঁজাখুজি করেন। শাহাজাহান বিয়ের অনুষ্ঠানের পরই কালকেই কাজল রেখাকে ঢাকায় নিয়া যাইতে চায় কিন্তু তিনি নিষেধ করিয়া বলিয়াছিলেন নাজমাকে উঠাইয়া দেওয়া হইল মেয়েকে বাড়ি আনিয়া তারপর যাইবে। ইহাতে তাহার সন্দেহ হয় তাহার মেয়েকে শাহজাহান জোর করিয়া কিংবা কোনভাবে সঙ্গে করিয়া ঢাকায় রওয়ানা হইল কিনা। সঙ্গে সঙ্গে তাহাদের সন্ধানে রাত ১১:০০ টায় শঠিবাড়ী বাস ষ্ট্যান্ডে আসে এবং দেখে শাহজাহান বাদশা ঢাকা যাওয়ার উদ্দেশ্যে ঢাকাগামী কোচে উঠিয়া বসিয়া আছে। তিনি তাহাকে কাজল রেখা কোথায় জিজ্ঞাসা করিলে বলে কাজল রেখা চাচা শাহিনুরের বাড়ীতে শুইয়া আছে। তিনি তাহাকে বাড়ীতে ফিরিয়া যাওয়ার কথা বলিলে সে বলে ঢাকায় জরুরী কাজ আছে। তাহার

পক্ষে ফিরিয়া যাওয়া সম্ভব নয়। তিনি বাড়ি ফিরিয়া ছোট ভাই শাহীনুরের বাড়ীতে কাজল রেখার খোঁজ করে কিন্তু পায় নাই। তখন ধারণা করে তাহাকে কোথায়ও রাখিয়াছে যাওয়ার পথে বাসে উঠাইয়া চলিয়া যাইবে। অদ্য ০৪/০৬/২০০২ ইং তাং ভোর অনুমান ৫:৩০ ঘটিকার সময় তাহার বাড়ীর পূর্ব পার্শ্বে জনৈক রাজ্জাক মিয়ার জমিতে কাজল রেখার লাশ পড়িয়া থাকিতে দেখিয়া তাহার গ্রামের লুৎফর পিতা মৃত শফিয়ার রহমান বাড়ীতে আসিয়া সংবাদ দিলে তিনি ও বাড়ীর লোকজন সেখানে যাইয়া মেয়ের মৃত দেহ দেখে। গলায় গলা টিপিয়া ধরিবার দাগ দেখে। তাহার দৃঢ় বিশ্বাস নাজমা ঢাকা যাইতে রাজী না হওয়ায় আসামী শাহজাহান বাদশা গত ০৩/০৬/২০০২ ইং তারিখ রাত্রী অনুমান ৯:৩০ ঘটিকার দিকে কাজল রেখাকে ডাকিয়া বাড়ীর বাহিরে এবং ফাঁকা জমিতে নিয়া গলা টিপিয়া হত্যা করিয়া শঠিবাড়ী বাস স্ট্যান্ডে আসিয়া কোচে ঢাকায় পালাইয়া যায়। উপরোক্ত ঘটনার সাক্ষী তাহার স্ত্রী (১) জয়গুন নেছা, ভাই(২) শাহীনুর, (৩) সিরাজুল, (৪) মান্নান এবং তাহার গ্রামের (৫) আতিয়ার পিতা আঃ হামিদ মন্ডল (৬) লতিফ পিতা আঃ হামিদসহ আরও অনেকে।

অতঃপর উক্ত এজাহারের ভিত্তিতে মিঠাপুকুর থানায় দন্ডবিধি ৩০২ ধারায় মামলা নং-১০ তাং ০৪/০৬/২০০২ রুজু হয়। যাহার জি, আর নং-৩৯৬/২০০২। তৎপর মিঠাপুকুর থানার এস, আই, রেজাউল করিম তদন্তকারী কর্মকর্তা হিসাবে তদন্তে একমাত্র আসামী শাহজাহান বাদশা এর বিরুদ্ধে ঘটনার প্রাথমিক সত্যতা প্রমানিত হওয়ায় দন্ডবিধির ৩০২ ধারায় ২৬/০৮/২০০২ ইং তারিখে ৩১১ নং অভিযোগপত্র দাখিল করেন। তৎপর মামলাটি বিচারের জন্য দায়রা জজ আদালতে বদলী হয় এবং দায়রা মামলা নং-২৪৬/২০০২ হিসাবে নিবন্ধনকৃত হয় এবং আসামীর বিরুদ্ধে দন্ডবিধির ৩০২

ধারায় অভিযোগ গঠন করিয়া পড়িয়া শুনাইলে আসামী নিজেকে নির্দোষ দাবী করিয়া বিচার প্রার্থনা করেন।

রাষ্ট্রপক্ষ মামলা প্রমাণ করার জন্য অভিযোগপত্রে সংযুক্তিয় ১৭ জন সাক্ষীর মধ্যে ১১ জন সাক্ষীকে পরীক্ষা করেন। সাক্ষ্যাদি সমাপ্তির পর আসামীকে ফৌজদারী কার্যবিধির ৩৪২ ধারায় তাহার বিরুদ্ধে সাক্ষীদের সাক্ষ্যের মর্মার্থ ভালোভাবে উপস্থাপনসহ পাঠ করিয়া শুনানী পূর্বক পরীক্ষা করা হইলে তিনি নিজেকে নির্দোষ দাবী করেন এবং সাফাই সাক্ষী দিবেন না বলিয়া জানান। অতঃপর সাক্ষীদের সাক্ষ্যাদি পর্যালোচনা, প্রদর্শনীসমূহ বিশ্লেষণ এবং বিজ্ঞ আইনজীবীদের যুক্তিতর্ক বিবেচনা ও মূল্যায়ন করিয়া বিজ্ঞ দায়রা জজ, আসামীকে দন্ডবিধির ৩০২ ধারার অপরাধে অভিযুক্ত করিয়া দোষী সাব্যস্তক্রমে যাবজ্জীবন কারাদন্ড ও ৫০০০/- টাকা জরিমানা, অনাদায়ে আরো ৬(ছয়) মাসের কারাদন্ড প্রদান করেন। যাহার বিরুদ্ধে দন্ডিত-আপীলকারী সংক্ষুব্ধ হইয়া জেলখানা হইতে অত্র আপীল দায়ের করিয়াছেন, যাহা ২৩/০৭/২০০৭ ইং তারিখে শুনানীর জন্য গৃহীত হয় এবং নিম্ন আদালতের নথি তলব করা হয়।

যেহেতু আপীলটি নিষ্পত্তির জন্য মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের নির্দেশক্রমে আমাদের নিকট প্রেরণ করা হইয়াছে সেহেতু নির্দেশিত মতে আপীলটি নিষ্পত্তি করিতে আমাদের কোন পক্ষের কোন বিজ্ঞ আইনজীবীদের বক্তব্য শ্রবণ করার সুযোগ হয় নাই।

আমরা এখন নথিতে সংরক্ষিত সাক্ষীদের সাক্ষ্য, অন্যান্য তথ্য-উপাত্ত, উপাদান-উপকরণ, বিচার বিশ্লেষণ করিয়া দেখিব তর্কিত দন্ডাদেশ ও সাজার রায় ন্যায় সঙ্গত কিনা এবং আপীলকারী আপীলের কোন সুবিধা পাইতে পারেন কিনা?

আমরা সর্বপ্রথমে সাক্ষীদের সাক্ষ্যাদি পর্যালোচনা করিবঃ-

রাষ্ট্রপক্ষের সাক্ষীদের সাক্ষ্যঃ

রাষ্ট্রপক্ষের ১নং সাক্ষী, মোঃ নজরুল ইসলাম, যিনি এজাহারকারী ও ভিকটিমের পিতা, জবানবন্দীকালে বলেন যে, মৃত কাজল রেখা তাহার বড় মেয়ে। ঘটনার ২ বছর আগে আসামী শাহজাহানের সাথে তাহার বিবাহ হয়। বিবাহের পর থেকে ভিকটিম ও আসামী ঢাকায় থাকিত। ভিকটিম গার্মেন্টস এ চাকুরী করিত এবং আসামী ঠিকাদারের অধীনে কাজ করিত। তাহার দ্বিতীয় মেয়ে নাজমা খাতুনের বিবাহ ঠিক হইলে আসামী নাজমার বিবাহের তারিখে আসে। ০৩-০৬-২০০২ তারিখে বিবাহের পর রাত ৮:০০ টা হইতে ৮:৩০ ঘটিকার মধ্যে নাজমা ও নতুন জামাই বিদায় দেন, জামাই বিদায়ের পর তাহার ভাইয়েরা ও আত্মীয়-স্বজন বাড়ীতে বসে আলাপ আলোচনা করতেছিলেন। এ আলোচনায় আসামী ও তার স্ত্রী অর্থাৎ ভিকটিম ছিল। আলোচনার সময় আসামী ভিকটিম কাজল রেখাকে ডাকিয়া বাইরে নেয়। তাহারা ফিরিয়া আসিতে বিলম্ব হইলে তাহারা আসামী ও কাজল রেখাকে খুঁজিতে থাকে। তাহাদেরকে না পাইয়া সন্দেহ হয় যে, আসামী ভিকটিমকে লইয়া ঢাকা চলিয়া যাইতেছে। সে তখন শঠিবাড়ী বাস স্ট্যান্ডে আসিয়া তাহাদেরকে খুঁজিতে থাকে এবং দেখে আসামী ঢাকাগামী একটি বাসে একাই বসিয়া আছে। কাজল রেখার কথা জিজ্ঞাসা করায় সে বলে কাজল রেখা চাচার বাড়ীতে টি,ভি, দেখিতেছে। তখন রাত ১১:০০ টা পার হইয়াছে। আসামীসহ বাস চলিয়া যায়। তিনি বাড়ীর পথে রওয়ানা হন। বাড়ী ফেরার পর দেখে ছোট ভাই সিরাজুল, আঃ মান্নান ও ভগ্নিপতি জায়দুল আসিতেছে। তাহাদেরকে জিজ্ঞাসা করে ভিকটিমকে তাহারা দেখিয়াছে কি না? তাহারা না বলায় সবাই মিলিয়া আবার বাড়ী গিয়া ভিকটিমকে খুঁজিতে থাকে কিন্তু ভিকটিমকে খুঁজিয়া পাওয়া যায় না। পর দিন ভোর ৬:০০ টায় আবদুর রেজ্জাকের জমিতে তাহার চাচা লুৎফর রহমান ভিকটিমের লাশ দেখে। সে চিৎকার দিয়া আসিয়া

তাহাকে সংবাদ জানাইলে তাহারা সেখানে যায় ও ভিকটিমের লাশ দেখে। ভিকটিমের গলায় দাগ দেখে। ভিকটিমকে গলা টিপিয়া হত্যা করে। ভিকটিম ঢাকা যাইতে রাজী না হওয়ায় আসামী ভিকটিমকে গলা টিপিয়া হত্যা করিয়া তাহাদেরকে না বলিয়া ঢাকা চলিয়া যায় তাহারা থানায় আসে। রেজাউল এজাহার লেখে। তিনি দস্তখত দেন। এজাহার প্রদর্শনী-১, তাহার স্বাক্ষর প্রদর্শনী-১/১ হিসাবে সনাক্ত করেন। আসামীকে ডকে সনাক্ত করেন।

জেরাকালে তিনি বলেন, ছোট মেয়ের বিবাহের দিনে এই আসামী সারাক্ষণই তাহাদের সাথে ছিল। ভিকটিম এবং আসামী অন্য মেয়ের বিয়ে উপলক্ষে রংপুর আসে। আসামী শাহজাহান বাদশা ঢাকায় গার্মেন্টস এ চাকুরী করিত। ঢাকায় যাওয়ার টিকিট ঘটনার আগেই করিয়াছিল কিনা জানেনা, তাহার মেয়ে ভিকটিম কাজল রেখা আসামীকে তাহার বাড়ীতে কয়েক দিন বেড়াইয়া যাইতে বলে কিন্তু আসামী ছুটি না পাওয়ায় কাজল রেখাকে রাখিয়া একাই ঢাকায় যায়। উক্ত তারিখের ১৩ দিন পর আসামী পুনরায় তাহার বাড়ীতে আসে কাজল রেখাকে ঢাকায় নেয়ার জন্য। তাহারা সন্দেহ করিয়া তাহাকে ধৃত করে এবং পুলিশে সোপর্দ করে।

রাষ্ট্রপক্ষের ২নং সাক্ষী মোঃ সিরাজুল ইসলাম ভিকটিমের চাচা. জবানবন্দিকালে বলেন, ভিকটিম আওার বানু তাহার ভাতিজি। বাদীর ৩ মেয়ে ১ ছেলে, ভিকটিম বাদীর প্রথমা কন্যা। ঘটনার ২ বৎসর আগে ভিকটিমের সাথে আসামীর শাহজাহান বাদশার বিবাহ হয়। ভিকটিম ঢাকায় গার্মেন্টসে কাজ করিত ও আসামী ঢাকায় ঠিকাদারের অধীনে কাজ করিত। উভয়ে ঢাকায় একত্রে থাকিত। বাদীর তৃতীয় মেয়ের বিবাহ উপলক্ষে আসামী ও ভিকটিম একত্রে ঢাকা হইতে আসে। দিনের বেলায় বিবাহ সম্পন্ন হয়। জামাই দিনে বিদায় হয়। ঐ দিন সন্ধ্যা ৮:০০ ঘটিকায় পরিবারের লোকজন

বাদীর ঘরে বসে আলাচনা করিতেছিলেন। ভিকটিম ও আসামী ঐ আলোচনায় ছিল। কিছুক্ষণ পরে উভয়ে বাহির হইয়া যায়। ঐ আলোচনা অনুষ্ঠান শেষ হইলে ভিকটিম ও আসামীকে খুঁজিয়া পাওয়া যায় না। তাহাদের সন্দেহ হয় যে, উভয়ে ঢাকা চলিয়া গিয়াছে। তাহাদেরকে অনুসন্ধান করার জন্য বাদী শঠিবাড়ী বাসষ্ট্যান্ডে যায় ও ঢাকাগামী কোচে তাহাদেরকে সন্ধান করিতে থাকে, তখন একটি বাসে আসামীকে বসা অবস্থায় দেখিতে পায়। তখন আসামীকে ভিকটিমের বিষয়ে জিজ্ঞাসা করা হইলে বলে যে, ভিকটিমকে চাচার বাসায় রাখিয়াছে তথায় সে টিভি দেখিতেছে। আসামীকে ফিরিয়া আনার জন্য অনুরোধ করা হইলে সে আসে না। তখন বাদী ফিরিয়া আসিয়া আমার ভাই শাহানুর এর বাড়ীতে ভিকটিমের সন্ধান করে কিন্তু ভিকটিমকে পাওয়া যায় না। অতঃপর সম্ভাব্য জায়গায় ভিকটিমের খোঁজ করিয়া তাহাকে পাওয়া যায় না। পরদিন ভোরবেলা তাহার গ্রামবাসি চাচা রাজ্জাক মিয়া জমি হইতে হাঁস তাড়াইতে গেলে ঐ জমিতে ভিকটিমের লাশ দেখিতে পায়। তাহারা সংবাদ পাইয়া ভিকটিমের লাশ দেখে। সংবাদ পাইয়া পুলিশ আসে। গলা টিপিয়া ও ভিকটিমের মাথা কাঁদায় ডুবাইয়া শ্বাসরুদ্ধ করিয়া ভিকটিমকে হত্যা করে। লাশ উঠাইয়া বাড়ী নিয়া আসে। সংবাদ পাইয়া পুলিশ আসে। লাশের সুরতহাল করে ও মর্গে নিয়া যায়। বাদী থানায় গিয়া এজাহার দেয়। আসামী ডকে আছে। এই আসামী শাহজাহান বাদশা ভিকটিমকে হত্যা করিয়া পালাইয়া যায়। ১ বৎসর আগে ঐ ঘটনা ঘটে।

জেরাকালে সাক্ষী বলেন, তিনি কাজল রেখার আপন চাচা। বাদীর বাড়ী হইতে তাহার বাড়ী ১০০ গজ দূরে। কাজল রেখার বোন নাজমার বিয়ে হয় দুপুরে। বিয়ে হওয়ার পরও ৭:০০-৮:০০ টা পর্যন্ত ঘটনার বাড়ীতে ছিলেন। আসামী শাহজাহান বাদশা ও কাজল রেখার মধ্যে সম্পর্ক ভাল ছিল। কাজল রেখাকে একা রাখিয়া আসামী যায় নাই।

তিনি গাড়ীতে যায় নাই। আসামী যে গাড়ীতে যায় তাহার ভাই সেখানে গিয়াছিল তাহার ভাইয়ের নিকট যাইয়া শুনিয়া জাবানবন্দি দিয়াছে। ইহা সত্য নহে যে, আসামী শাহজাহান বাদশাহ ঢাকায় গার্মেন্টসে ছোট চাকরি করায় ছুটি না পাওয়ায় স্ত্রী কাজল রেখাকে শ্বশুর বাড়ি রাখিয়া একাই ঢাকায় চলিয়া যায়। আসামী বলিয়াছিল কাজল রেখাকে চাচার বাড়ি রাখিয়া গিয়াছিল। চাচার বাড়িতে পাই নাই তাহাকে। রাত ৭/৮ টায় বৈঠক বসে। ১০/১৫ মিঃ বৈঠক চলে। শাহজাহান বাদশা উক্ত বৈঠকে ছিল। সে কখন ঢাকার উদ্দেশ্যে রওয়ানা হয় দেখে নাই। আসামী শাহজাহান বাদশা যে গাড়ীতে ঢাকা যায় উহাতে শুধুমাত্র বাদীর সাথেই তাহার দেখা হয়। সে বা অন্য কাহারো সাথে দেখা হয় নাই। ইহা সতা নহে যে, উক্ত তারিখের ১৩ দিন পর আসামী কাজল রেখাকে নিতে আসে। পাগল অবস্থায় আসামীকে ডেন্ডাবাড়ি হাট হইতে ধরে। তাহার ভাই শাহিনুর তাহাকে ধরে। তিনি পরে সেখানে যায়। শত শত লোক সেখানে ছিল। পুলিশ ও উপস্থিত হয়। ইহা সত্য নহে যে, তিনি মিথ্যা সাক্ষ্য দিলেন।

রাষ্ট্রপক্ষের ৩নং সাক্ষী মোঃ শাহানুর ভিকটিমের আর এক চাচা। জবানবন্দিতে বলেন যে, মৃত কাজল রেখা তাহার ভাতিজী। মৃত্যুর ২ বৎসর পূর্বে শাহজাহান বাদশার সাথে তাহার বিবাহ হয়। উহারা ঢাকায় থাকিত। কাজল রেখা গার্মেন্টসে চাকুরী করিত। আসামী শাহজাহান বাদশাহ ঠিকাদারের পাইলিংয়ের কাজ করিত। ঘটনার ৭/৮ দিন পূর্বে উহারা তাহার ছোট ভাতিজী নাজমার বিবাহ উপলক্ষে তাহাদের বাড়ি আসে। আসামী তাহাদের ভাতিজী কাজল রেখাকে রাখিয়া ঢাকায় চলিয়া যায়। ০৩/০৬/২০০৩ ইং সোমবার সকাল ১০:০০ টায় পুনরায় সে ঢাকা হইতে তাহাদের বাড়ি আসে। ঐ দিনই রাত ৮/৯ টার মধ্যে নাজমার বিবাহ বিদায় হইয়া যাবার পর তাহার ভাই ব্রাদার সবাই একত্রে বসে। রাত সাড়ে নয়টার দিকে শাহজাহান বাদশা

তাহার ভাতিজী কাজল রেখাকে লইয়া বাহিরে যায়। ইহার পর গুড়িগুড়ি বৃষ্টি হইলে উহারা না আসায় খোঁজাখোঁজি করিয়া পায় নাই। রাত ১১:০০ টার দিকে তাহার ভাই বাদী শঠিবাড়ি বাস স্টান্ডে যায় এবং আাসামীকে ঢাকাগামী বাসে চড়িয়া ঢাকায় যাইতে দেখে। তাহার জিজ্ঞাসাবাদে আসামী জানায় মেয়ে কাজল রেখা চাচার বাড়ী আছে। সরল বিশ্বাসে তাহার ভাই বাড়ি চলিয়া যায়। তাহার ভাই আসিয়া সাক্ষীর বাড়িতে মেয়ের খোঁজ করিয়া না পাওয়ায় গভীর রাত হইয়া যাওয়ায় ঘুমাইয়া পড়ে। সকাল বেলা চিল্লাচিল্লি শুনিয়া উঠিয়া যাইয়া দেখে ভাইয়ের বাড়ির পূর্ব দিকে রাজ্জাক মন্ডলের কাটা ইরি ধান ক্ষেতে ভাতিজীর লাশ। লাশের গলায় হাতের আঙ্গুলের ছাপ এবং ডান কিংবা বাম চোখের উপর ঘুষির কারনে জখম দেখে। গলা টিপিয়া ভাতিজীকে হত্যা করা হয়। আসামীর একটা পায়ের স্যান্ডেল ভাসমান অবস্থায় এবং একটা স্যান্ডেল কাদার নিচে দেখিতে পান। ইহার পর ভাইসহ থানায় যায় ও,সি, সাহেব আসেন।

জেরাকালে এই সাক্ষী বলেন, তাহার বাড়ী ও বাদীর বাড়ির মাঝে দূরত্ব ১/২ কিঃ মিঃ। বিবাহ শেষে তাহার মেয়ে ও স্ত্রী বাড়ি ফিরিয়া আসে। বিকাল ৪:০০ টার দিকে বরযাত্রী আসে নিজস্ব আত্মীয়-স্বজন ও পাড়া প্রতিবেশী ২/৪ জনকে দাওয়াত করে। বিয়ের অনুষ্ঠানাদি শেষ হইতে ৯:০০ ঘটিকা হইতে ৯:৩০ ঘটিকা বাজিয়াছিল। বিবাহ খাইতে আসামী ঢাকা হইতে আসিয়াছিল। সে বলে নাই যে, বিবাহ শেষে সে ঢাকায় চলিয়া যাইবে এবং তাহার স্ত্রী থাকিয়া যাইবে, কাজল রেখাকে শাহাজাহান বাদশা আমাদের সামনে দিয়া লইয়া বাহির হয়। আঃ লতিফ, আতিয়ার রহমান, আঃ খালেক, শাহআলম, ইয়াসিন, ভাবী জয়গুন্নেছা, তাহার বোন ভাগ্নী ও অন্যানরাসহ তখন আঙিনায় ছিলেন। ইহা সত্য নহে যে, আসামীকে বাড়িতে থাকার জন্য মৃত কাজল রেখা অনেক অনুনয় বিনয় করে বা আসামীর ঢাকায় কাজ থাকায় চলিয়া যায় বা আসামীর কোন

স্যান্ডেল তাহারা পায় নাই। মৃতার লাশ প্রথমে লুৎফর রহমান দেখে এই সাক্ষী শুনিয়াছে পরদিন সকাল বেলা ৬:৩০/৭:০০ টার দিকে, ২ নং সাক্ষী তাহার মেঝোভাই সিরাজুল ইসলাম এর নিকট হইতে। ঐ মুহূর্তেই তিনি ঘটনাস্থলে যায়। প্রথমে ৫০/৬০ জনকে সেখানে দেখিতে পায়। পর্যায়ক্রমে ২ হাজার লোক উপস্থিত হয়। ঢাকা যাওয়ার বাসে তাহার ভাই আসামীকে দেখে। সেখানে তিনি যান নাই। ভাইয়ের কাছে উহা শুনিতে পায়। ইহা সত্য নহে যে, আসামী শাহজাহান বাদশা বিবাহের অনুষ্ঠানের পর ঢাকায় চলিয়া যায়। সে তিন দিন পর্যন্ত বিবাহ বাড়িতে থাকার কথা ছিল। ইহা সত্য নহে যে, তিনি জানেন না ভাতিজী কিভাবে মারা গিয়াছে বা মিথ্যা সাক্ষ্য দিলেন।

রাষ্ট্রপক্ষের ৪নং সাক্ষী মোছাঃ জয়গুন্নেছা ভিকটিমের মা, জবানবন্দিকালে বলেন, মৃতা কাজল রেখা তাহার বড় মেয়ে। ঘটনার ২ বৎসর পূর্বে আসামী শাহাজাহান বাদশার সাথে বিবাহ দেন। উহারা ঢাকায় থাকিত। কাজল রেখা গার্মেন্টসে কাজ করিত। শাহজাহান বাদশা পাইলিংয়ের কাজ করিত। ছোট মেয়ে নাজমার বিবাহ উপলক্ষে ১০/১২ দিন পূর্বে উহারা ঢাকা হইতে আসে। কাজল রেখাকে রাখিয়া শাহজাহান বাদশা মাঝে ঢাকায় চলিয়া যায়। ০৩/০৬/২০০২ ইং তারিখ সোমবার পুনরায় সে ঢাকা হইতে আসে, ছোট মেয়ে নাজমার বিবাহ হয় এবং ঐ দিনই সন্ধ্যা ৮:০০ টায় বিদায় হয়। ইহার পর ছোট মেয়েকে জামাই বাড়ি হইতে ফেরৎ আনার কথাবার্তা বলিবার জন্য অন্যান্য সাক্ষীগণ তাহারা সবাই আঙিনায় বসে। আলোচনা চলাকালে এক পর্যায়ে বড় মেয়ে ভিকটিম ও আসামী গরম লাগায় উঠিয়া বাহিরে যায়। ইহার পর গুড়িগুড়ি বৃষ্টি শুরু হইলে উহারা না ফেরায় সকলে খোঁজাখুজি করে। খোজাখুজি করিয়া পায় নাই। তাহার স্বামী শঠিবাড়ী বাস স্টান্ডে যায়। আসামীকে বাসে বসা দেখিয়া ভিকটিম কাজল রেখার কথা জিজ্ঞাসা করিলে আসামী বলে যে, সে চাচার বাড়িতে। তাহার স্বামী সেখান হইতে

তাহার দেবরের বাড়ী যায়। কিন্তু দেবরকে জিজ্ঞাসা করিয়া জানিতে পারেন যে, সে বাড়িতে কাজল রেখা যায় নাই। খোজাখুজি শেষে স্বামী ফিরিয়া আসে এবং রাত গভীর হওয়ায় ঘুমাইয়া পড়ে। পরদিন পাশের বাড়ির লোকজন চিল্লাচিল্লি করিয়া জানায় যে, রাজ্জাকের জমিতে কাজল রেখার লাশ পড়িয়া আছে। তাহারা সেখানে যায় মৃতার গলা টিপিয়া মারার দাগ ছিল এবং ডান চোখের উপর ঘুষির জখম ছিল। নিকটেই ভাসমান ১টি স্যান্ডেল ও কাদায় ১টি স্যান্ডেল পাওয়া যায়। যাহা জামাই এর অর্থাৎ এই আসামীর। শাহজাহান বাদশাকে ডকে সনাক্ত করেন।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, বিবাহের পরে ২ বৎসর ভিকটিম ভালভাবেই সংসার করে। উহাদের মধ্যে কোন ঝুট ঝামেলা হয় নাই। বিবাহের পর দিনই আসামী চলিয়া যাইতে চাহিলে তাহারা নিষেধ করে। তখন সে আর কিছু বলে নাই। দুই জনের আয়ে ঢাকায় সংসার চলিত। কাজের অসুবিধা হইবে এমন কথা আসামী বলে নাই। আঙিনায় তাহারা ১০/১২ জন বসেছিলেন। তাহার ছোট মেয়ের বিবাহের পর রাত ০৮:০০ টার দিকে বিদায় হয়। জামাই ঐ দিন রাত্রেই ঢাকায় যাবার টিকিট করিয়া রাখিয়াছিল মর্মে তাহাদের বলে নাই। তাহার ব্যাগপত্র সব বাড়িতেই ছিল। দারোগা উহা জব্দ করিয়া নিয়াছে। দেবর সিরাজুল, মান্নান, শাহিনুর উহা দারোগাকে দিয়াছিল। তাহাদের বাড়ি থাকা অবস্থায় আসামী ভিকটিমের মধ্যে কোন ঝগড়াঝাটি হয় নাই। ইহা সত্য নহে যে, ভিকটিম কিভাবে মারা যায় আসামী জানে না বা ভিকটিম মারা যাবার বিষয় জানিত না। বেশ কিছু দিন পরে অর্থাৎ ১২ দিন পরে সে ঢাকা হইতে তাহাদের বাড়ি আসে। তখন পুলিশকে সংবাদ দিয়া তাহাকে গ্রেফতার করায়। মেয়ের লাশ পড়িয়া থাকার স্থানে সকাল ৬:০০ হইতে ৬:৩০ ঘটিকায় গিয়াছিলেন। ইহা সত্য নহে যে,

ঘটনাস্থলে আসামীর কোন স্যান্ডেল পাওয়া যায় নাই বা মিথ্যা সাক্ষ্য দিলেন বা সম্পূর্ণ সন্দেহবশতঃ আসামীকে ফাসানোর জন্য মামলায় মিথ্যা সাক্ষ্য দিলেন ।

রাষ্ট্রপক্ষের ৫নং সাক্ষী মোঃ ফেরদৌস মন্ডল, জবানবন্দীকালে বলেন যে, বাদী তাহার প্রতিবেশী চাচাত ভাই। গত ০৩/০৬/২০০২ ইং তাহার মেয়ে নাজমা বেগমের বিবাহ হইয়াছিল। তাহারা ঢাকায় থাকিত। রাত্রে খাওয়া দাওয়া শেষে মেয়ে নাজমা স্বামীর বাড়ীতে চলিয়া যায়। কিছুক্ষণ পর শুনিতে পান বাদীর বড় মেয়ে ভিকটিম ও আসামীকে পাওয়া যাইতেছে না। রাতে খোঁজাখুজির করিয়া পাওয়া যায় নাই। জনৈক লুৎফর রহমান মাছ মারার ডারকি তোলার জন্য যায় সকাল অনুমান ৭:০০ ঘটিকায়। কাছেই রাজ্জাক মন্ডলের জমির মধ্যে কাজল রেখাকে মৃত অবস্থায় দেখতে পায়। জমিতে ধান ছিল না। একটু পানি ছিল। ইহা শুনিবার পর তাহারা সকলে সেখানে যায়। তিনি শাহিনুর এবং আঃ লতিফ মন্ডল থানায় যায়। দারোগাকে লইয়া লাশের নিকট যায়। আসামীর পায়ের একটি চামড়ার স্যান্ডেল কাদায় আটকা ছিল এবং একটি ছিল ভেসে। লাশ তুলিয়া আনার পর দেখিতে পায় বুকের ডান পার্শ্বে আঘাতের চিহ্ন রহিয়াছে। আসামী ঘটনার বাড়িতে একটি মাফলার ও একটি গেঞ্জি রাখিয়া গিয়াছিল। দারোগা লাশের সুরতহাল প্রতিবেদন প্রস্তত করেন। সুরতহাল প্রতিবেদনে দস্তখত দেন। সনাক্তমতে সুরতহাল প্রতিবেদনে তাহার দস্তখত প্রদর্শনী ২,২(১) চিহ্নিত করেন। ১০/১২ দিন পর ভেন্ডাবাড়ি রাস্তা দিয়া বাদীর চাচা যাওয়ার সময় আসামী শাজাহানকে দেখে, শাহজাহান তাহাকে দেখিয়া দৌড় দেয়। তখন তাহাকে ধাওয়া করিয়া ধানবাটিতে লোকজন ধরিয়া ফেলে এবং তদন্ত কেন্দ্রের পুলিশ আসিয়া তাহাকে গ্রেফতার করিয়া নেয়। আপীলকারী শাহজাহানকে সনাক্ত করে। তাহাকে জিজ্ঞাসা করা হইলে সে তাহার স্যান্ডেল পড়িয়াছিল এই প্রশ্নের জবাব সে দেয় নাই।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, পুলিশের কাছে ঘটনার একদিন পর জবানবন্দি দেন। ইহা সত্য নহে যে, পুলিশকে বলেন নাই যে, ঘটনার ১০/১২ দিন পর বাদীর চাচার সাথে আসামীর দেখা হয় বা ধানবাটিতে তাহাকে ধরে। ঘটনার পরদিন সকাল ৭:০০ হইতে ৮:০০ ঘটিকায় লুৎফর রহমানের নিকট জানতে পারেন কাজল রেখা মারা গিয়াছে। তাহার বাড়ি ও বাদীর বাড়ি ২০ গজ দূরত্বের মধ্যে। সে তাহার চাচাত ভাই। কাজল রেখার লাশ যেখানে পড়িয়াছিল সেখানে সকাল ৭:০০ হইতে ৮:০০ ঘটিকায় যায়। তাহার সাথে আঃ খালেক এবং আরো ৫/৭ জন ছিল। তাহাদের নাম মনে নাই। ঘটনাস্থলে ৫০/৬০ জন লোক ছিল। উহা জমির মধ্যে ছিল। ইহা সত্য নহে যে, আসামী ধৃত হওয়ার পর স্যান্ডেল তাহার মর্মে স্বীকার করার কথা সত্য নয় বা লাশের নিকট হইতে পাওয়া স্যান্ডেল আদৌ তাহার নয় বা বাদী তাহার চাচাত ভাই হওয়ায় তাহার কথামত মিথ্যা সাক্ষ্য দিলেন।

রাষ্ট্রপক্ষের ৬ নং সাক্ষী মোছাঃ নাজমা বেগম জবানবন্দিকালে বলেন, মৃতা কাজল রেখা তাহার বড় বোন। ঘটনার ৩ বৎসর পূর্বে তাহার বোনের বিবাহ হয় আসামীর সাথে। তাহার বোন ঢাকায় গার্মেন্টেসে চাকরী করিত। আসামী পাইলিংয়ের কাজ করিত। তাহার বিবাহের অনুষ্ঠান উপলক্ষে বোন ও আসামী ৮ দিন পূর্বে আসে, ঐ রাতেই আসামী চলিয়া যায়, বোন থাকে। বিবাহের অনুষ্ঠানের দিন আসামী আবার আসে। বিবাহের অনুষ্ঠান হয় দুপুরে। রাত ৮/৮:৩০ টায় সে স্বামীর বাড়ি চলিয়া যায়। ০৩/০৬/২০০৩ ইং তাহার বিবাহ হয়। পরদিন ছোট চাচা মান্নান আসিয়া তাহার স্বামীর বাড়িতে সংবাদ দেয় তাহার বোনের লাশ জমিতে পড়িয়া আছে। আর আসামী তাহার বোনকে মারিয়া চলিয়া গিয়াছে। লাশের কাছে জমিতে আসামীর স্যান্ডেল পাওয়া গিয়াছে। সে ঘটনস্থলে গিয়াছিল। বোনকে দেখার পর তাহাকে বাড়ি নিয়া আসে। পরে থানা হইতে

লোক যাইয়া বোনের লাশ বাড়ি লইয়া আসে। তাহার সর্ব শরীরেই জখম দেখেন। ঘটনার রাতে উহাদের খোজাখুজি করিয়া পায় নাই। ১১ দিন পর আসামী ভেন্ডাবাড়ি হাটে আসিয়া পাগলের মত ঘোরাফেরা করিতে থাকিলে তাহাকে দৌড়াইয়া ধানবাটিতে ধরে এবং পুলিশে দেয়। ঘটনার রাতে আসামী তাহাদের বাড়িতে ব্যাগ, মাফলার, লুঙ্গি রাখিয়া যায়। জমিতে পাওয়া যায় তাহার স্যান্ডেল। আসামী আজ ডকে উপস্থিত আছে।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, ঘটনার পরদিন সকাল ৮:০০ টায় ঘটনার কথা শুনে। তাহার স্বামী সাদু মিয়া সহ ঘটনাস্থলে যায়। সে সাক্ষী নয়। সকাল ৮:০০ টায় বাবার বাড়ি পৌঁছায়। দূরত্ব অনুমান ৬/৭ মাইল হইবে। রিকসায় গিয়াছিল। যখন বাড়িতে যায় তাহার মা বাবা ভাই সহ আরও লোক জন ছিল। লাশটি পড়িয়াছিল তাহাদের বাড়ি হইতে অনুমান ১০০/১৫০ গজ দূরে। রিক্সা হইতে নামার পর সে তাহার স্বামী সহ ঘটনাস্থলে যায়। সেখানে ২/৪ মিনিট ছিলেন। তাহার মৃতা বোন ও তাহার স্বামীর সুখের সংসার ছিল। আসামী মাঝে মাঝে বোনকে বেড়াতে নিয়া আসিত। ঘটনার পূর্বে উহাদের মধ্যে কোন ঝগড়াঝাটি মারামারি হইত না। পূর্বেও সে বোনকে রাখিয়া চলিয়া যাইত। ৮ দিন পূর্বে বোনকে রাখিয়া তাহার বিবাহের দিন বিবাহ খাওয়ার জন্য আসে। ঐ রাতেই সে ঢাকা চলিয়া যাইতে চায়। বোন তাহাকে আরও ২/১ দিন থাকতে বলে। আসামী রাজী হয় নাই। ঐ রাত্রেই সে ঢাকা চলিয়া যায়। ঘটনাস্থলে পাওয়া স্যান্ডেল আসামীর নয় একথা সত্য নয়।

রাষ্ট্রপক্ষের ৭নং সাক্ষী মোঃ আঃ খালেক. জবানবন্দিতে বলেন যে, গত ০৩/০৬/২০০২ ইং ঘটনার সময় ভেন্ডাবাড়ি বাজারে ছিলেন। রাত্র ১০:০০ টায় বাড়ি ফিরিয়া ঘুমাইয়া পড়েন। পরদিন সকালে শুনেন যে, কাজলরেখাকে তাহার স্বামী সাজাহান বাদশাহ মারিয়া ফেলিয়া পালাইয়া গিয়াছে। ঘটনাস্থলে যান। কাজল রেখার

পিতার বাড়ির পূর্ব পার্শ্বে একটি ইরি ধান কাটা জমিতে লাশটি দেখেন। জমিটায় একটু পানি ছিল। একটি পুরুষের স্যান্ডেল ভাসা অবস্থায় এবং অপর একটি স্যান্ডেল কাদায় পড়া অবস্থায় দেখেন। মৃতার চাচা সিরাজুল স্যান্ডেল দুইটি বাড়িত লইয়া আসে। থানায় এজাহার করার পর দারোগা আসিয়া লাশ, স্যান্ডেল, শার্ট খয়েরী রংয়ের গেঞ্জি,পলিস্টারের লুঙ্গি বাদীর বাড়ী হইতে সীজ করিয়া নেয়। উক্ত স্যান্ডেল ও কাপড় চোপড় আসামীর ছিল। শার্টের রং সঠিক খেয়াল নাই। জব্দ নামায় ইহা তাহার দস্তখত। সনাক্ত মতে জব্দ নামা ও দস্তখত প্রদশর্নী- ৩,৩(১) চিহ্নিত হয়। ঘটনার কয়েক দিন পর আসামী ভেন্ডাবাড়ি হাটে আসিয়া ঘুরাফেরা করা কালে বাদীর ভাই দেখিতে পাইয়া তাহাকে লোক জন লইয়া দৌড়াইয়া ধরে এবং পুলিশে শোপর্দ করে । আসামীকে ডকে সনাক্ত করেন।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, মৃতার লাশ যেখানে পড়িয়াছিল সেখান হইতে তাহার বাড়ি অনুমান ৫০ বিঘা দূরে। তিনি সামান্য ব্যবসা করেন। সকাল ৮/৮:৩০ টার ঘটনাস্থলে যান। সেখানে ১৫০/২০০ লোক ছিল, পুলিশ আসে নয়টা/দশটার দিকে। শাহজাহান বাদশাকে ডেন্ডাবাড়ি বাজার হইতে ধরতে দেখেন নাই, শুনিয়াছেন ঘটনার ১০/১১ দিন পরে তাহাকে ধরে। মন্টু, আঃ সালাম, তিনি এবং অন্যান্যরা থানায় যান। নজরুল, সিরাজুল, শাহিনুর, লতিফ মন্ডল, লতিফ মেম্বারসহ আরও লোক থানায় যায়। আসামীকে হাজতে দেখেন। পুলিশ জিজ্ঞাসাবাদ করে আসামীকে। তাহারা উহা শুনেন। বাদীর বাড়ীতে ঘটনার দিনই পুলিশ তাহার জবানবন্দি নেয়। ইহার পর আর তাহাকে জিজ্ঞসাবাদ করেন নাই। ইহা সত্য নহে যে, পুলিশের নিকট জবানবন্দিতে আসামী স্ত্রী হত্যার কথা স্বীকার করে নাই। তাহার জবানবন্দিতে পুলিশকে উহা শুনার কথা বলার

প্রশ্ন আসে না। বাদী তাহার প্রতিবেশী ও চাচা। ইহা সত্য নহে যে, তিনি চাচার পক্ষে মিথ্যা সাক্ষ্য দিলেন।

রাষ্ট্রপক্ষের ৮ নং সাক্ষী মোঃ আঃ মান্নান. জবানবন্দিকালে বলেন যে, ভিকটিম কাজল রেখা তাহার ভাতিজী। গত ০৩/০৬/২০০২ ইং রোজ সোমবার তাহার বড় ভাই নজরুলের অপর কন্যা নাজমার বিবাহের তারিখ ছিল। ভিকটিম কাজল রেখা ঢাকায় গার্মেন্টসে কাজ করিত। নাজমার বিবাহ উপলক্ষে উহারা উভয়েই তাহার ভাইয়ের বাড়ী আসে। বিকাল ০৩:০০ টায় বিবাহ অনুষ্ঠান হয়। খাওয়া দাওয়া শেষে রাতে ০৮:০০ টার মধ্যে নাজমাকে লইয়া লোকজন চলিয়া যায়। ইহার পর তাহার ভাইয়ের বাড়ীতে নিজেরা মিটিং বসে ভিকটিম কাজল রেখা ও আসামী বাদশাহ শাহজাহান বাড়ির বাহিরে ঘোরাফেরা করিতে যায়। উহারা না ফেরায় খোঁজাখুজির এক পর্যায়ে ভিকটিমের বাবা শঠিবাড়ি বাস স্টান্ডে যায়। বাদশা শাহজাহানকে বাসে চড়িয়া যাইতে দিখিয়া ভিকটিমের কথা জিজ্ঞাসা করিলে সে জবাব দেয় তাহাকে চাচার বাড়ীতে রাখিয়া আসিয়াছে। তাহার ভাই ফিরিয়া তাহার সব ভাইয়ের বাড়িতে খোজ করে কাজল রেখাকে না পাইয়া ভোর বেলা ঘুমাইতে যায়। সকাল বেলা তাহার এক চাচা লুৎফর হাস ছাড়িয়া ক্ষেতের দিকে যাইতে থাকা কালে জমিতে লাল শাড়ি দেখিতে পায়। আগাইয়া যাইয়া ধান কাটার পর জমিতে গোড়া থাকা পানি যুক্ত জমিতে কাজল রেখার লাশ পড়িয়া আছে। সেখানে আসামী পায়ের স্যান্ডেল জোড়া পাওয়া যায়। চকলেট রংয়ের চামড়ার স্যান্ডেল পরে পুলিশকে দেন। তিনি লাশ দারগাকে দেখান। ঘটনার ১০/১২ দিন পর ভেন্ডাবাড়ি হাটে যাইতে ছিল তাহার ভাই। সন্ধ্যা ৭:০০ ঘটিকা হইতে ৮:০০ ঘটিকায় আসামীকে আসিতে দেখিয়া লোকজনের সহায়তায় তাহাকে ধৃত করিয়া ভেন্ডাবাড়ি পুলিশ ক্যাম্পে সোর্পদ করে।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, তাহার বাড়ি হইতে মৃতা ভাতিজীর বাড়ি ১/৪ মাইল দূরে। রাত ৮:০০ টার দিকে নাজমা খাতুনকে নিয়ে যায়। কাজল রেখাও আসামী বাদশা সাহাজাহান ঢাকায় সুখে শান্তিতে বসবাস করিতে ছিল। তাহাদের মধ্যে মনে মনে ঝগড়া বিবাদ থাকতেও পারে নাও পারে। কাজল রেখা আসামীকে ২/৪ দিন আরও থাকতে বলিয়াছিল। সে কাজ আছে হেতু না থাকিয়া চলিয়া যাইবে বলিয়াছিল। কাজলরেখাকে কিভাবে মারল আমি নিজে চোখে দেখি নাই।

রাষ্ট্রপক্ষের ৯ নং সাক্ষী মোঃ আঃ লতিফ মন্ডল. জবানবন্দিতে বলেন যে, তিনি মামলার ঘটনার সময় ১৩ নং গোপাল পুর ইউপির ১নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য ছিলেন। ০৩/০৬/২০০২ ইং তারিখে বাদীর মেয়ে অর্থাৎ বানুর (কাজল রেখার) ছোট বোনের বিবাহে যান। বরযাত্রী বিদায় করিয়া বাড়ীতে যান। পরদিন ভোরে লোকজন দৌড়াদৌড়ি করিতেছিল এবং সংবাদ পান যে, কাজল রেখা ও আসামীকে পাওয়া যাইতেছে না। কাজল রেখাদের বাড়ির পূর্ব পার্শ্বে রাস্তার পাশে পানির উপর একটি চামড়ার স্যান্ডেল ভাসা দেখতে পাওয়া যায়। আরও একটি সেন্ডেল কাদার আটকা দেখা যায়। কিছুটা পুর্ব দিকে সবাই অগ্রসর হইয়া দেখেন লাশটি উত্তর দক্ষিণে শায়িত। ইহার পর বাদীর এক ভাইকে লইয়া থানায় যান এবং ও,সি সাহেবকে সংবাদ দেন। একজন দারোগাকে ঘটনাস্থলে পাঠান। পরে তিনি ও,সি, সাহেবের সাথে গাড়িতে আসেন। আসিয়া দেখেন লাশটি মৃতার বাড়িতে আনিয়া সুরতহাল করা হইয়াছে। মৃতার গলা ও একটি চোখের উপর ফোলা দেখিতে পান। শরীরেও জখম ছিল বামস্তনের উপর। আলামত হিসাবে আসামী সাজাহানের ১ জোড়া স্যান্ডেল, মাফলার, শার্ট এবং মৃতা কাজল বানুর ১টি ব্লাউজ জব্দ করা হয়। জব্দ নামায় দস্তখত দেন। সনাক্তমতে দস্তখত প্রদশর্নী ৩(২) চিহ্নিত করেন। ঘটনার ৭/৮ দিন পরে ভেন্ডাবাড়ি হাটে আসামী

সাজাহানকে দেখতে পায় ভিকটিমের চাচা। সে তাহাকে হাটে উহা জানায়। বহু লোকজন তাহাকে ধাওয়া করিয়া ধরে। হাটের পার্শ্ব ভেন্ডাবাড়ি তদন্ত কেন্দ্রে তাহাকে নেয়া হয়। ফোনে থানায় জানাবার পর থানার পুলিশ আসিয়া তাহাকে লইয়া যায়। লাশের পাশে পাওয়া স্যান্ডেল সম্পর্কে আসামীকে জিজ্ঞাসাবাদ করা হইলে সে উহা তাহার বলিয়া স্বীকার করে। ঐ দিন সে খালি পায়ে ছিল। জিজ্ঞাসা বাদে সে আরও জানায় ছোট বোনের বিয়ের পর ভিকটিমকে আসামী ঢাকায় লইয়া যাইতে চাহিলে ভিকটিম রাজী না হওয়ায় তাহাকে ঘুষাঘুষি মারিয়াছিল এবং সে মরিয়া গেল কিনা দেখিতে আসিয়াছে। আসামীকে ডকে সনাক্ত করেন।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, আসামী কর্তৃক ভিকটিমকে মারিতে দেখেন নাই। লাশ দেখার পর সবাই ইহা বলিয়াছে। কথিত স্যান্ডেল এর মত স্যান্ডেল আরও মানুষের আছে। পাবলিক ধরিয়া আসামীকে ভেন্ডাবাড়ি হাটে ধরে। তিনি তাহাকে তদন্ত কেন্দ্রে নেন। পুলিশ ঘটনার পরদিনই এজাহার নিয়াছিল। আসামী মারার পর ভিকটিম মরিয়া যাইতে কেহ স্বচক্ষে দেখে নাই। রাস্তার পার্শ্বে স্যান্ডেল পাওয়া গিয়াছিল এবং কাছেই লাশ ছিল। ভিকটিমকে আসামী বাদীর বাড়ি হইতে নেওয়ার সময় কে দেখেন তাহাকে বলেন নাই। ভেন্ডবাড়ি হাটে ৪০/৫০ জন লোক ধাওয়া করিয়া তাহাকে ধরে। ভিকটিমের চাচা শাহনুর উপস্থিত ছিল। পানের দোকানী মজিবর তাহাকে আসামী ধরার কথা জানায়। আসামী ভিকটিমকে বাড়ি হইতে নেওয়ার সময় শাহনুর, আতিয়ার, লতিফ ইয়াছিন, মান্নান, সিরাজুল, ভিকটিম এর বাবা নজরুল এবং আরও অনেকে দেখিয়াছে মর্মে পরদিন তাহাকে বলে। বিবাহ বাড়ি হইতে তাহার বাড়ি নিকটেই। ইহা সত্য নহে যে, আসামী ভিকটিমকে নিয়া মরিয়া যায় নাই বা কথিত স্যান্ডেলের মতো

স্যান্ডেল অনেকেরই আছে বা আসামী ঘটনার সাথে জড়িত ছিল না বা এরূপ কোন ঘটনা ঘটে নাই বা আসামী বাদীপক্ষে শেখানো মতে মিথ্যা সাক্ষ্য দিলেন। .

রাষ্ট্রপক্ষের ১০ নং সাক্ষী তদন্তকারী কর্মকর্তা, তিনি বলেন গত ০৪/০৬/২০০২ ইং তারিখে এস,আই হিসাবে মিঠাপুকুর থানায় কর্মরত ছিলেন। বাদির লিখিত অভিযোগ থানায় প্রাপ্ত হইয়া ভারপ্রপ্ত কর্মকর্তা সাহেব অত্র মামলা রুজু করেন। প্রাথমিক তথ্য বিবরণী ফরম যাহাতে ও,সি, সাহেবের লেখা ও ২টি স্বাক্ষর সনাক্ত করেন। ফরম ও ২ টি স্বাক্ষর যথাক্রমে প্রদশর্নী ৪,৪(১),৪(২) হিসাবে চিহ্নিত হয়। এজাহারে ১টি স্বাক্ষর সনাক্ত মতে প্রদশর্নী ১(২) চিহ্নিত হয়। মামলার তদন্তের দায়িত্বপ্রাপ্ত হইয়া ঘটনাস্থলে উপস্থিত হইয়া মৃতা কাজলরেখার সুরত হাল রিপোর্ট তৈয়ারী করেন। উপস্থিত সাক্ষীদের স্বাক্ষর সংগ্রহ করেন। তাহার মৃত্যুর সঠিক কারণ নির্ধারণের জন্য স্কটের মাধ্যমে লাশ মর্গে প্রেরন করেন। ঘটনাস্থল পরির্দশন করেন। সুচীসহ খসড়া মানচিত্র অংকন করেন। সনাক্তমতে সূচীপত্র, খসড়া মানচিত্র ও ইহাতে তাহার স্বাক্ষর প্রদশর্নী ৫,৬, ৫(১)ও ৬(১) চিহ্নিত করেন। আলামত জব্দ করেন, সনাক্ত মতে স্বাক্ষর প্রদশর্নী ৩(৩) চিহ্নিত হয়। বাদী এবং সাক্ষীদের জিজ্ঞাসাবাদ করিয়া স্বাক্ষীদের জবানবন্দি ফৌজদারী কার্যবিধির ১৬১ ধারা মতে লিপিবদ্ধ করেন। মৃতার ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ করেন। আসামীকে প্রেপ্তার করিয়া জিজ্ঞাসাবাদ শেষে আদালতে সোর্পদ করেন। আসামীর নাম ঠিকানা যাচাই করাইয়া প্রতিবেদন সংগ্রহ করেন। মামলাটির তদন্তে ও সাক্ষ্য প্রমাণে এজাহার নামীয় আসামী সাজাহান বাদশাহর বিরুদ্ধে দন্ডবিধির ৩০২ ধারার অপরাধ প্রাথমিকভাবে সত্য প্রমানিত হওয়ায় মিঠাপুকুর থানার অভিযোগপত্র নং-৩১১ তাং ২৬/০৮/২০০২ ইং দাখিল করেন।

জেরাকালে এই সাক্ষী বলেন যে, সুরতহাল রিপোর্ট মৃত্যুর কারন সর্ম্পকে উল্লেখ করেন নাই। জব্দকৃত স্যান্ডেল এক্সপার্ট দ্বারা পরীক্ষা করা হয় নাই। আসামীকে কোথা হইতে ধরেন অভিযোগ পএে উল্লেখ আছে। বোয়ালমারী হইতে ভেন্ডাবাড়ি হাট ২১/২ মাইল দুরে। আসামীর বাড়ী শেরপুরে। স্যান্ডেল জোড়া ঘটনাস্থল হইতে পাওয়ার বিষয় এজাহারে উল্লেখ নাই। ঘটনার তারিখ এজাহারে ০৩ তারিখ উল্লেখ আছে। আসামীকে ১৫/০৬/২০০২ ইং আদালতে সোপর্দ করেন। ১৪ তারিখ সন্ধ্যা ০৭-০০ ঘটিকায় ধৃত করেন। ২ দিনের রিমান্ডে নিয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করেন। স্যান্ডেল জোড়া তাহার একথা সে স্বীকার করে। তাহার কোন জবানবন্দি আদালতে রেকর্ড করান নাই, শঠিবাড়ি বাস স্টান্ড হইতে বোয়াল মারী আসা যায়। ইহা সত্য নহে যে, আসামী তাহার স্ত্রীকে প্রায় সময় শ্বশুর বাড়ি রাখিয়া যায়, আবার লইয়া যায় বা আসামীর স্ত্রীকে নেওয়ার জন্য শ্বশুর বাড়ী আসিলে তাহাকে ধৃত করিয়া নেন বা আসামী তাহার স্ত্রীকে হত্যা করিলে সে অবশ্যই ভেন্ডাবাড়ি আসিত না বা প্রকৃত পক্ষে সে স্ত্রী হত্যার বিষয় কিছুই জানিত না বা তিনি সঠিক ভাবে তদন্ত করিলে এই মামলার ফাইনাল রিপোর্ট হইত। এই সাজেশন তিনি অস্বীকার করেন। জব্দনামামূলে একটি সাদা ফুলহাতা স্টাইপ শার্ট যাহার বাম পার্শ্বে উপরে এবং নিচে ২টি পকেট আছে। একটি খয়েরী উলেন মাফলার, একটি প্রীন্টের লিনেন লুঙ্গি, এক জোড়া চকলেট রংয়ের চামড়ার স্যান্ডেল যাহা ঘটনাস্থল হইতে জব্দ করেন। সনাক্ত মতে উক্ত আলামত সমূহ বস্তু প্রদর্শনী ক-ঘ' সিরিজ হিসাবে চিহ্নিত হয়। স্যান্ডেল জোড়া ব্যতীত অপরাপর আলামত বাদীর উপস্হাপন মতে জব্দ করেন। ভিকটিমের পরিধেয় কাল রংয়ের ১টি ব্লাউজ, কমলা রংয়ের শাড়ির অংশ বিশেষ, কমলা রংয়ের পেটিকোটের অংশ বিশেষ যাহা তিনি চালান মূলে জব্দ করিয়াছিলেন, আজ সনাক্ত করিতেছেন। সনাক্ত মতে এই ০৩ দফা আলামত যথাক্রমে প্রদর্শনী 'ঙ'----'ছ'

চিহ্নিত হয়।মৃতার পিতা নজরুল ইসলামের উপস্থাপন মতে 'ক'----'গ' আলামত সমূহ জব্দ করেন। তাহার বাড়ি হইতে ৩০/৪০ গজ দূরে ঘটনাস্থল। সেখানে কাদা পানি ছিল। একটি স্যান্ডেল কাদায় ঢাকা ছিল। ঘটনাস্থলের কোন মাটি জব্দ করেন নাই। স্যান্ডেলে লাগানো মাটি ও ঘটনাস্থলের মাটি এক মাটি কিনা পরীক্ষা করান নাই।

রাষ্ট্রপক্ষের ১১ নং সাক্ষী ডাঃ আঃ জলিল, জবানবন্দিকালে বলেন যে, গত ০৫/০৬/২০০২ ইং মৃতা মোছাঃ কাজল রেখার লাশ ক:-১০৩৮ দুলাল হোসেনের সনাক্তমতে প্রাপ্ত হইয়া ময়নাতদন্ত সম্পন্ন করিয়া নিম্নোক্ত জখমাদি দেখিতে পান।

1. Bruise over the left orbital region.
2. Abrasion on the upper quadrant of left breast.
3. Bruise over the left lateral aspect of the chest.
4. Abrasion on the left lateral aspect of the thigh. Irregularly distrilented bruise and erescentic abrasion present on the front and sides of the neck under the chin and upper part of the Chest.

   On dissection showed effecsions of clotted blood corresponding to the wounds. Roof of the orbital plate (L) found fractured and extravasate of blood and blood clots found Corresponding to the wounds and at the base of tougue.

Death in my opinion was due to shock and asphyxia followings homicidal throtling and internal haemorrhage which was antemortem and homicidal in nature.

জেরাকালে এই সাক্ষী বলেন যে, Roof of the orbital plate found fracture ধরনের আঘাতের কারনে যে কোন মানুষ জ্ঞান হারাতে পারে। এই রুপ জখম accident অথবা homicidal হইতে পারে। তবে এক্ষেত্রে ইহা homicidal

